যুগান্তর

তারিখ ... ০১-৩-[illegible] ২০১২ —
পৃষ্ঠা ২০ কলাম ৪

# পদ্মার ভাঙনে হুমকির মুখে রাজশাহী ক্যাডেট কলেজ

**রাজশাহী ব্যুরো**

পদ্মার ভাঙনে ঐতিহ্যবাহী রাজশাহী ক্যাডেট কলেজ হুমকির মুখে পড়েছে। জরুরি ভিত্তিতে ভাঙন প্রতিরোধ এবং ক্যাডেট কলেজকে রক্ষার জন্য কলেজের অধ্যক্ষ লে. কর্নেল একেএম ইকবাল আজিম, পানি উন্নয়ন বোর্ড ও সরকারের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন। তবে পানি উন্নয়ন বোর্ড বলছে, আপাতত বাঁধ সংস্কারে কোনো পদক্ষেপ নেয়া যাচ্ছে না। জানা গেছে, রাজশাহী ক্যাডেট কলেজ দেশের শীর্ষস্থানীয় ঐতিহ্যবাহী একটি আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। ১৯৬৬ সালে প্রতিষ্ঠার পর থেকে কলেজটি সুনামের সঙ্গে পরিচালিত হয়ে আসছে। এই কলেজের প্রাক্তন শিক্ষার্থীরা দেশে-বিদেশে প্রতিষ্ঠিত এবং আন্তর্জাতিক অঙ্গনের বিভিন্ন ক্ষেত্রে কল্যাণমুখী কর্মকাণ্ডে দেশ ও জাতির উন্নয়নে কাজ করছেন। এক্ষেত্রে রাজশাহী ক্যাডেট কলেজ দক্ষ জনবল তৈরিতে কাজ করছে। কলেজটি রাজশাহীর চারঘাট উপজেলা সদরের সারদায় পদ্মা নদীর তীর ঘেঁষে ১১২ একর জমিতে প্রতিষ্ঠিত। ইতিপূর্বে পদ্মার ভাঙনে কলেজটির ১২ একর জমি পদ্মায় বিলীন হয়েছে। পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে পদ্মার ভাঙনের কবল থেকে কলেজটি রক্ষায় ইতিপূর্বে প্রটেকশন বাঁধ ও তাতে পাথরের ব্লক বসানো হয়। ফলে সাময়িকভাবে কলেজটি পদ্মার ভাঙনের কবল থেকে রক্ষা পায়। কিন্তু সম্প্রতি পদ্মার পানি কমে যাওয়ায় স্রোত কলেজের সামনের প্রটেকশন বাঁধে এসে আছড়ে পড়ছে। এতে করে প্রটেকশন বাঁধের নিচ থেকে মাটি ও ব্লক সরে গিয়ে অর্ধশতাধিক ফুট গভীর গর্তের সৃষ্টি হয়েছে। ফলে প্রায় একশ' ফুট প্রটেকশন বাঁধ মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া ভাঙন অব্যাহত থাকায় ক্যাডেট কলেজের অস্তিত্ব মারাত্মক হুমকির মুখে পড়েছে। জরুরিভিত্তিতে ভাঙন প্রতিরোধ করা

রাজশাহী : পৃষ্ঠা ১৯ : কলাম ১

## রাজশাহী : কলেজ

(শেষ পৃষ্ঠার পর)

না হলে কলেজটির ব্যাপক ক্ষতির আশংকা রয়েছে।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে রাজশাহী ক্যাডেট কলেজের অধ্যক্ষ লে. কর্নেল একেএম ইকবাল আজিম ভাঙন প্রতিরোধে পানি উন্নয়ন বোর্ড ও সরকারের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ চাওয়ার কথা স্বীকার করেন। এ বিষয়ে রাজশাহী পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী হারুন-অর-রশিদ যুগান্তরকে জানান, ১৯৯৯-২০০০ সালে সেখানে বাঁধ দিয়ে প্রতিরক্ষামূলক কাজ করা হয়েছিল। তা এবার ভেঙে গেছে। কয়েকদিন আগে পরিদর্শন করে ৯০ মিটার বাঁধের কাজ করার জন্য মন্ত্রণালয়ে ডিজাইন পাঠানো হয়েছে।